



বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে তিন বাহিনী প্রধানের সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশ সশস্ত্র বাহিনীর তিন শাখার প্রধান।

মঙ্গলবার (২৫ আগস্ট) দুপুরে বঙ্গভবনে গিয়ে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল খন্দকার মিসবাহ উল আজীম এবং বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন।

এ সময় রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করায় তিন বাহিনীর প্রধান মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অভিনন্দন জানান এবং তার দায়িত্বকালীন সময়ে সাফল্য কামনা করেন। সাক্ষাতে নিজ নিজ বাহিনীর চলমান বিভিন্ন কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন তারা। পাশাপাশি সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হিসেবে রাষ্ট্রপতির প্রয়োজনীয় দিকনির্দেশনা ও সহযোগিতা প্রত্যাশা করেন।

সশস্ত্র বাহিনীর কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, আধুনিক ও চতুর্মাত্রিক সক্ষমতার একটি বাহিনী হিসেবে সশস্ত্র বাহিনীকে গড়ে তুলতে বর্তমান সরকার বিভিন্ন উদ্যোগ নিয়ে কাজ করছে।

রাষ্ট্রপতি আরও বলেন, দায়িত্ব পালনের সময়ে সশস্ত্র বাহিনীর সদস্যদের পেশাগত দক্ষতা বাড়ানোর পাশাপাশি বাহিনীর সামগ্রিক উন্নয়নে প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত রাখা হবে। এ বিষয়ে তিনি তিন বাহিনীর প্রধানকে আশ্বস্ত করেন।